শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

গাজীপুর-১৭০৭

স্মারক নং- ঢাপ্রপ্রবি/শিশা/পোঃগ্র্যাঃ/ফি/ভর্তি/কোঃরেঃ/২১ তারিখ ঃ ০৩/ ০১/২০১৮ খ্রি ঃ।

এম ইঞ্জিনিয়ারিং/এম এসসি ইঞ্জিনিয়ারিং/এম এসসি/এম ফিল/পিএইচ ডি প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর এর ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে নিম্নবর্ণিত প্রোগ্রামে পূর্ণকালীন/খন্ডকালীন ছাত্র-ছাত্রী ভর্তির জন্য নিম্নবর্ণিত শর্তপূরণ সাপেক্ষে আগ্রহী প্রার্থীদের নিকট হইতে আগামী ১০/০১/২০১৮ খ্রি ঃ তারিখ হইতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাইতেছে।

ক্রমিক নং	বিভাগ	বিষয়	প্রোগ্রাম
১।	সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ	সিভিল ইঞ্জিনিয়ারিং (স্ট্রাকচারাল); সিভিল ইঞ্জিনিয়ারিং (জিওটেকনিক্যাল); সিভিল ইঞ্জিনিয়ারিং (ট্রান্সপোর্টেশন); সিভিল ইঞ্জিনিয়ারিং (ওয়াটার রিসোর্সেস); সিভিল ইঞ্জিনিয়ারিং (এনভায়রনমেন্টাল)	এম ইঞ্জিনিয়ারিং/এম এসসি ইঞ্জিনিয়ারিং/ পিএইচ ডি
		এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং	এম ইঞ্জিনিয়ারিং/এম এসসি ইঞ্জিনিয়ারিং
		ক্লাইমেট চেঞ্জ রিলেটেড টু ওয়াটার এন্ড এনভায়রনমেন্ট	এম ইঞ্জিনিয়ারিং/এম এসসি ইঞ্জিনিয়ারিং
২।	ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ	ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং	এম ইঞ্জিনিয়ারিং/এম এসসি ইঞ্জিনিয়ারিং/ পিএইচ ডি
৩।	মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ	মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং	এম ইঞ্জিনিয়ারিং/এম এসসি ইঞ্জিনিয়ারিং/ পিএইচ ডি
৪।	কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ	কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং	এম ইঞ্জিনিয়ারিং/এম এসসি ইঞ্জিনিয়ারিং/ পিএইচ ডি
৫।	টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগ	টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং	এম ইঞ্জিনিয়ারিং/এম এসসি ইঞ্জিনিয়ারিং
৬।	রসায়ন বিভাগ	রসায়ন	এম এসসি/এম ফিল/ পিএইচ ডি
৭।	গণিত বিভাগ	গণিত	এম এসসি/এম ফিল/ পিএইচ ডি
৮।	পদার্থবিজ্ঞান বিভাগ	পদার্থবিজ্ঞান	এম এসসি/এম ফিল/ পিএইচ ডি

শর্তাবলী ঃ-

১। ভর্তি সংক্রান্ত প্রসপেক্টাস বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (http://www.duet.ac.bd) হইতে অথবা একাডেমিক শাখা হইতে অফিসকালীন সময়ে সংগ্রহ করা যাইবে।

২। চাকরিরত প্রার্থী নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে অনুমতিসহ খন্ডকালীন/পূর্ণকালীন ছাত্র-ছাত্রী হিসেবে ভর্তির জন্য আবেদন করিতে পারিবে।

৩। পূর্ণকালীন ছাত্র-ছাত্রীদের মধ্যে মেধার ভিত্তিতে বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুযায়ী ফেলোশীপ/টিচিং/রিসার্চ এ্যাসিস্টেন্টশীপ দেওয়া যাইতে পারে।

৪। দেশের সকল প্রাইভেট বিশ্ববিদ্যালয় এবং বিদেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান হইতে ডিগ্রীধারীদের সংশ্লিষ্ট বিভাগে ভর্তির নিমিত্ত আবেদন করার যোগ্যতা যাচাইয়ের জন্য **আগামী ৩১/০১/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে** ভাইস-চ্যান্সেলর মহোদয়ের বরাবরে আবেদনপত্র দাখিল করিতে হইবে। আবেদনপত্রের সাথে সকল পরীক্ষার সনদপত্র ও ট্রান্সক্রিপ্ট/মার্কসীট এর সত্যায়িত ফটোকপি এবং সিলেবাস/কারিকুলাম এর মূল কপি অথবা ফটোকপি ও সিলেবাস/ কারিকুলামের ওয়েব সাইট লিংক জমা দিতে হইবে। সেই সংগে ফি বাবদ ১,৫০০/- (এক হাজার পাঁচশত মাত্র) টাকা কম্পট্রোলার অফিসের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট হিসাব খাতে জমা দিতে হইবে। আগামী ১৫/০২/২০১৮ খ্রিঃ তারিখে তাহাদের সংশ্লিষ্ট বিভাগে আবেদন করার যোগ্যতা সংক্রান্ত ফলাফল ঘোষনা করা হইবে। শুধুমাত্র যোগ্য প্রার্থীরা নির্ধারিত তারিখের মধ্যে যথাযথ নিয়মে ভর্তির আবেদন করিতে পারিবে।

৫। শুধুমাত্র ডুয়েটের ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের সমাপনী বর্ষ ও সেমিস্টার পরীক্ষায় অবতীর্ণ শিক্ষার্থীরা Course Complete Certificate দাখিল সাপেক্ষে আবেদন করিতে পারিবে। তবে ২৮/০২/২০১৮ তারিখের পূর্বে ট্রান্সক্রিপ্ট/গ্রেডসীট দাখিল করিতে হইবে। ডিগ্রী অর্জনে ব্যর্থ হইলে আবেদনপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

৬। এই বিজ্ঞপ্তি প্রকাশের পর হইতে অফিস চলাকালীন ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর-এর একাডেমিক শাখা হইতে অথবা বিশ্ববিদ্যালয়ের http://www.duet.ac.bd ওয়েব সাইট হইতে ডাউনলোড করিয়া ভর্তির আবেদন ফরম সংগ্রহ করা যাইবে। **আবেদনপত্র ৮০ গ্রাম A4 সাইজের অফসেট কাগজের উভয় পৃষ্ঠায় প্রিন্ট করিয়া পূরণপূর্বক সরাসরি বা ডাকযোগে আগামী ২২/০২/২০১৮ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে একাডেমিক শাখায় জমা দেওয়া যাইবে।**

৭। **সকল প্রার্থীকে আবেদনপত্রের সাথে সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের চরিত্রগত সনদপত্র দাখিল করিতে হইবে।**

৮। আবেদনপত্রের সহিত "ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর" এর শিরোনামে অগ্রণী ব্যাংক লিঃ, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর এর অনুকূলে ১,২০০/-(এক হাজার দুইশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি সত্যায়িত ছবিসহ সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও ট্রান্সক্রিপ্ট/মার্কশীটের সত্যায়িত কপি সংযুক্ত করিতে হইবে।

৯। প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের তালিকা আগামী ২৮/০২/২০১৮ খ্রিঃ তারিখে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশ করা হইবে এবং সেই সঙ্গে স্ব স্ব বিভাগের ভর্তি পরীক্ষার তারিখ জানানো হইবে।

১০। ভর্তির নিমিত্তে চূড়ান্তভাবে মনোনয়নের জন্য প্রার্থীকে সংশ্লিষ্ট বিভাগে মৌখিক/লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে। এই সংক্রান্ত যাবতীয় তথ্যাবলী সংশ্লিষ্ট বিভাগ হইতে সংগ্রহ করিতে হইবে।

১১। অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলিয়া গণ্য হইবে।

03.01.18

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
ফোন ঃ ৪৯২৭৪০০৩ (অফিস)

স্মারক নং- ঢাপ্রপ্রবি/শিঃশাঃ/পোঃগ্র্যাঃ/ফি/ভর্তি/কোঃরেঃ/২১(৪০) তারিখ ঃ ০৩/০১/২০১৮ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হইল ঃ-

১। এপি এস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সকল- ডীন/বিভাগীয় প্রধান/পরিচালক/অফিস প্রধান।
৩। রেজিস্ট্রার ... ...সকল বিশ্ববিদ্যালয়।
৪। পরিচালক, কম্পিউটার সেন্টার (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হইল)।
৫। ডেপুটি রেজিস্ট্রার, কাউন্সিল শাখা।
৬। পাবলিকেশন কাম ইনফরমেশন অফিসার।
৭। বিজ্ঞাপন ম্যানেজার- দৈনিক সমকাল/দৈনিক ইত্তেফাক/দি ডেইলি অবজারভার।
৮। সকল নোটিশ বোর্ড, বিশ্ববিদ্যালয় ও হলসমূহ।
৯। সংরক্ষণ নথি।

(মোঃ মনিরুজ্জামান)
ডেপুটি রেজিস্ট্রার
একাডেমিক শাখা